Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-831**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **07 অক্টোবর, 2021**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 23 অক্টোবর, 2019 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-831 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

এই প্রবিধান দ্বারা যৌন হয়রানির অভিযোগ দায়ের, তদন্ত এবং মীমাংসার পদ্ধতি প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

- স্পষ্ট ব্যাখ্যা দেয় যে, যৌন হয়রানি প্রতিরোধ (SHP) সমন্বয়কারী এই প্রবিধানের অন্তর্গত বিষয়ে তথ্যসূত্র হিসেবে কাজ করেন। (সংক্ষিপ্তসার)
- যুক্ত করে যে, অনলাইন শিক্ষায় থাকাকালে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি করা করা নিষিদ্ধ। (সারসংক্ষেপ, সেকশন I.B)
- শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি-এর সংজ্ঞা সংশোধন। (সেকশন I.A)
- ইলেক্ট্রনিকভাবে হয়রানিমূলক যোগাযোগের প্রকৃতিসমূহের তালিকায় উদাহরণ হিসেবে টেক্সট, অ্যাপস্, চ্যাটরুম, এবং গেমিং সিস্টেম-কে অন্তর্ভুক্ত করে। (সেকশন I.E)
- যেসব কর্মচারী II.C-এ প্রতিষ্ঠিত নিয়মের অধীনে একটি রিপোর্ট করতে ব্যর্থ হন, তাদের সম্পর্কে একটি ধারা যুক্ত করে। (সেকশন II.D)
- যুক্ত করে যে টাইটেল IX কোঅর্ডিনেটর কথিত শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ঘটনার রিপোর্ট গ্রহণ করতে পারেন। (সেকশন II.E)
- "অনুসন্ধানমূলক ফাইল-এ" কথাটি অপসারণ করে। (সেকশন II.J)
- যখনি কোনো রিপোর্ট পাওয়া যায়, তখন অভিযোগ নিয়ে বিবদমান পক্ষ সমূহের পিতামাতাদেরকে যে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সুপারিশ প্রদান করেন, সে বিষয়ে সেকশন II.L-এ তথ্য যুক্ত করে। (সেকশন II.L)
- চ্যান্সেলরের প্রবিধান A-412-এ একটি সূত্র যুক্ত করে এবং "বরো/সিটিওয়াইড অফিস ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস" এর স্থলে "বরো সেফটি ডিরেক্টর" প্রতিস্থাপন করে। (সেকশন II.M)
- সাক্ষীর বিবৃতিতে "সংগ্রহ করা" বদলিয়ে "তাদেরকে প্রস্তুত করার অনুরোধ" করে। (সেকশন III.A.5)
- স্পষ্ট ব্যাখ্যা দেয় যে, স্কুলের সোশ্যাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সেলর, সাইকোলজিস্ট, কিংবা অপর কোনো উপযুক্ত স্কুল স্টাফের কাছে সুপারিশ করে পাঠানো হলো "তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপ"-এর উদাহরণ। (সেকশন IV.B)
- যে পরিস্থিতিতে স্কুলের স্টাফ বিশ্বাস করেন যে কোনো ঘটনার পরবর্তী পদক্ষেপ হিসেবে শিক্ষার্থীর ইন্ডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) বা সেকশন 504 প্ল্যান সংশোধন করা, তাহলে করণীয় কী হবে, সে ব্যাপারে তথ্য যুক্ত করে। (সেকশন IV.D)
- ব্যাখ্যা করে যে অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভোলাপমেন্ট (OSYD)-এর তৈরি সেক্সুয়াল হ্যারাসমেন্ট (যৌন হয়রানি) পোস্টার "স্পষ্টভাবে সেঁটে দেওয়া" বলতে বুঝায় "শিক্ষার্থী, পিতামাতা, এবং স্টাফদের কাছে সহজেই চোখের পড়ার মতো একটা

স্থানে", এবং যুক্ত করে যে স্কুলগুলোকে সর্বতো উদ্যোগ নিতে হবে যাতে এই তথ্য যথাসম্ভব শিক্ষা বছরের শুরুতে পোস্ট করা হয়। (সেকশন V.A)

- যুক্ত করে যে প্রতিটি স্কুলকে অবশ্যই বছর বছর OSYD-এর প্রস্তুত করা লিখিত সামগ্রী বিতরণ করতে হবে, এবং সেসব সামগ্রীতে অন্তর্ভুক্ত করতে হবে পিতামাতাগণ বাড়তি সহায়তার জন্য স্কুলের বাইরে যাদের সাথে যোগাযোগ করতে পারেন, তাদের তথ্য। (সেকশন V.B)
- যুক্ত করে যে প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে SHP লিয়াজোঁ-এর নাম ও যোগাযোগের তথ্য শিক্ষার্থী ও পিতামাতাদের কাছে শিক্ষা বছরের শুরুতে যত শীঘ্র সম্ভব প্রদানের জন্য। (সেকশন V.C)
- ব্যাখ্যা করে যে কমপক্ষে এক (1) জন্য SHP লিয়াজোঁ OSYD-এর প্রস্তুত করা বাধ্যতামূলক SHP প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। (সেকশন V.F)
- সকল প্রিন্সিপ্যালকে অবশ্যই পুনর্বিন্যাসকৃত ও হালনাগাদকৃত তথ্য তাদের বার্ষিক কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান-এ জমা দিতে হবে। (সেকশন IX)
- গোপনীয়তা সম্পর্কিত সেকশন VII-এ "including providing supports and interventions" (সহায়তা এবং হস্তক্ষেপ প্রদানসহ) যুক্ত করে।
- সর্বত্র চ্যান্সেলরের প্রবিধানের সংযোগসূত্র প্রদানের জন্য হাইপারলিংক (hyperlink) যুক্ত করে।

**Department of Education**

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-831**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **07 অক্টোবর, 2021**


**সারসংক্ষেপ**

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি মুক্ত। এ ধরনের হয়রানির ঘটনা স্কুলে, স্কুল চলাকালে, অনলাইন শিক্ষাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, এ ধরনের আচরণ শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ। এই প্রবিধান নিচে উল্লিখিত সংজ্ঞা অনুসারে এই প্রবিধান সম্পর্কে প্রশিক্ষিত যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজোর নিয়োগ, এবং কে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট পেতে পারেন এবং কে এই প্রবিধানের অন্তর্গত বিষয়ের তথ্যসূত্র হিসেবে কাজ করেন, সেগুলোকে বাধ্যতামূলক বিবেচনা করে। এই প্রবিধান শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ঘটনা রিপোর্ট, তদন্ত, বিজ্ঞপ্তি প্রদান এবং পরিবর্তি খোঁজ-খবর রাখার পদ্ধতি নির্ধারণ করে। যেসব শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয়েছে যা এই প্রবিধানের লঙ্ঘন বিবেচিত হয়, তারা হস্তক্ষেপ, সহায়তা, এবং শৃঙ্খলাজনিত পদক্ষেপ যা বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লারনিং' ("ডিসিপ্লিন কোড") এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ, সামঞ্জস্যপূর্ণ ও শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে। যারা ক্ষতিগ্রস্ত ও সাক্ষী, তারা প্রয়োজনীয় হস্তক্ষেপ ও সহায়তা লাভ করবে। শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যর অভিযোগসমূহ (এর অন্তর্ভুক্ত ওই সব বৈষম্য যার ভিত্তি লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, এবং যৌন অগ্রাধিকার), হয়রানি, ভীতি-প্রদর্শন এবং/অথবা বুলিইং – এসবের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-832 দেখুন।


## I. নীতি

A. DOE-এর নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানির মতো পরিবেশ মুক্ত। যৌন প্রকৃতির কোন অযাচিত আচরণ অথবা যোগাযোগের

মাধ্যমে একজন শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি করা এই প্রবিধানের লঙ্ঘন যা পর্যাপ্ত পরিমাণে গুরুতর, পরিব্যাপক, অথবা উভয়টির মতো পৌনপৌনিক যেমন:

(1) অপর শিক্ষার্থীদের জন্য আচরণের দ্বারা এমন একটি প্রতিকূল, আক্রমণাত্মক, কিংবা হুমকিপূর্ণ স্কুল পরিবেশ তৈরি করা যা:

a. অকারণপ্রসূত এবং উল্লেখযোগ্যভাবে কোনো শিক্ষার্থীর শিক্ষাগত কার্যসম্পাদনা, সুযোগসুবিধা, কিংবা কোনো শিক্ষাগত প্রোগ্রামে (যেমন শিক্ষার্থী নিয়মিত ক্লাসে উপস্থিত না হওয়া; শিক্ষার্থীর বিদ্যায়তনিক কার্যসম্পাদনা বা ক্লাসের কার্যসম্পাদনা পরিবর্তন হওয়া), স্কুলের স্পন্সর করা কর্মকাণ্ডে বা শিক্ষার্থীর শিক্ষার্থীর অপর কোনো ক্ষেত্রে (যেমন শিক্ষার্থীর নিয়মিত পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণ না করা বা অংশগ্রহণের মাত্রা পরিবর্তিত হওয়া) অংশগ্রহণ করা বা সেটা থেকে উপকার লাভের সক্ষমতাকে বাধাগ্রস্থ করেছে বা করতে পারতো; কিংবা

b. অকারণপ্রসূত এবং উল্লেখযোগ্যভাবে কোনো শিক্ষার্থীর মানসিক, আবেগজনিত, কিংবা শারীরিক সুস্থতা (যেমন স্কুলে শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করা; শিক্ষার্থীর গুটিয়ে যাওয়া বা নিজেকে বিচ্ছিন্ন করে ফেলা; শিক্ষার্থীকে দুর্ভাবনাগ্রস্ত, মানসিক চাপযুক্ত বা অমনোযোগি দেখানো) বাধাগ্রস্থ করেছে বা করতে পারতো; কিংবা

c. কোনো শিক্ষার্থীর শারীরিক নিরাপত্তার জন্য ভীতি (যেমন শিক্ষার্থী নিজে এবং/অথবা অপর শিক্ষার্থী বা স্টাফ শিক্ষার্থীটির নিরাপত্তার ব্যাপারে তাদের উদ্বেগ প্রকাশ করেছেন) সৃষ্টির যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি করে থাকলে বা যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি করতে পারে বলে আশঙ্কা করা হলে; কিংবা

d. শিক্ষার্থীর শারীরিকভাবে আঘাত অথবা মানসিকভাবে ক্ষতির যৌক্তিক কারণ রয়েছে বা কারণ হবে বলে ধারণা করা হলে।

**অথবা**

(2) অন্য কোনভাবে শিক্ষার্থীর শিক্ষা সুযোগে ক্ষতিকর প্রভাব রাখলে।

B. শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ঘটনা স্কুলে, স্কুল চলাকালে, অনলাইন শিক্ষাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, সেটা শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ।

C. DOE-র এই নীতি হলো যেকোন শিক্ষার্থী, পিতামাতা, অথবা DOE কর্মী যে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির অভিযোগের ঘটনা সরল বিশ্বাসে রিপোর্ট করে বা সেসব ঘটনার তদন্তে অংশগ্রহণ করে তার বিরুদ্ধে প্রতিশোধমূলক কোন পদক্ষেপ গ্রহণ নিষিদ্ধ করা। কোনো ধরনের সুরক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের কারণে কোনো ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ প্রতিশোধমূলক বলে বিবেচিত। প্রতিশোধের ঘটনার অভিযোগ তদন্ত করা হবে এবং সাক্ষ্য-প্রমাণ দ্বারা সমর্থিত হলে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর

সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে।

D. শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর যৌন হয়রানি হচ্ছে একজন শিক্ষার্থী কর্তৃক আরেকজন শিক্ষার্থীর প্রতি যৌন প্রকৃতির অযাচিত আচরণ এবং/অথবা যোগাযোগ। এ ধরনের আচরণ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের লিঙ্গ, যৌন পক্ষাপত, লিঙ্গ পরিচয় নির্বিশেষে যৌন হয়রানি বলে গণ্য হতে পারে। যৌন হয়রানি শুধু একটি ঘটনা হতে পারে কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে।

E. শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানি অনেক ধরনের হতে পারে। এটি মৌখিক, মৌখিক নয় এমন, শারীরিক, লিখিত অথবা ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের মাধ্যমে হতে পারে। ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের মাধ্যমে যেসব হয়রানি হতে পারে, প্রযুক্তির ব্যবহার তার মধ্যে অন্তর্ভুক্ত আছে, তবে তা নিম্নলিখিতগুলোর মধ্যে সীমিত নয়: ইন্টারনেট; সেলফোন; ইমেইল; ব্যক্তিগত ডিজিটাল সহকারী; টেক্সট করা; অ্যাপ; হাতে বহনযোগ্য ওয়্যারলেস ডিভাইস; সোশ্যাল মিডিয়া; চ্যাট রুম; গেমিং সিস্টেম; এবং ব্লগ।

F. শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির অন্তর্ভুক্ত আছে নিম্নলিখিতগুলো, তবে তা এগুলোর মধ্যে সীমিত নয়:

- যৌন কর্মকাণ্ড অথবা সহযোগিতার জন্য চাপ সৃষ্টি করা অথবা অনুরোধ জানানো;
- যৌন সহিংসতা অথবা জোরপূর্বক আচরণে সংশ্লিষ্ট হওয়া (যেমন আঘাত, ধর্ষণ) অথবা যৌন কর্ম করার জন্য কোন ব্যক্তিকে জোর করা;
- যৌন প্রকৃতির কোন দৈহিক আচরণে সংশ্লিষ্টতা যেমন কোন ব্যক্তির শরীর অথবা, পোশাক স্পর্শ করা, আদর-করা, চুমু খাওয়া, চিমটি কাটা, জাপ্টে ধরা অথবা অন্য ব্যক্তির সাথে ঘষাঘষি করা;
- যৌন বিবৃতি প্রদান, বক্রোক্তি করা, কোন উক্তি করা, অপমানজনক কিছু বলা, হুমকি-প্রদান, টিজিং এবং/অথবা ঠাট্টা-তামাশা করা অথবা যৌন প্রকৃতির কোন অযাচিত প্রশ্ন করা;
- কোন ব্যক্তির শরীর সম্পর্কিত গ্রাফিক, মৌখিক, অথবা লিখিত মন্তব্য করা;
- অশ্লীল অঙ্গভঙ্গি করা;
- অন্য ব্যক্তিকে শিকার হিসেবে ধরার জন্য অনুসরণ করা, যার মধ্যে আছে টেকনোলজির ব্যবহার
- লালসাপূর্ণ চাহনি, যৌন ছেনালি, অথবা প্রস্তাব দান;
- যৌন প্রকৃতির মিথ্যা অথবা গুজব ছড়িয়ে বেড়ানো;
- যৌনতা নির্ভর অথবা ইঙ্গিতপূর্ণ চিত্র, ভিডিও, অডিও রেকর্ডিং, ছবি, অথবা ড্রইং কোন অনুমতি ছাড়া রেকর্ড, পোস্ট, প্রদর্শন, এবং/অথবা বিতরণ করা; এবং
- বর্তমান অথবা প্রাক্তন প্রেমিক অথবা সম্ভাবনাময় ডেটিং পার্টনারকে ক্ষতি করা, ভয় দেখান, অথবা নিয়ন্ত্রণ করার জন্য শারীরিক, যৌন, মৌখিক এবং/অথবা আবেগিক হুমকি প্রদান অথবা নিগ্রহ করা (প্রেমিক নিগ্রহ)।

## II. রিপোর্ট করার প্রক্রিয়া

A. এই প্রবিধানে "রিপোর্ট" শব্দটি যেভাবে ব্যবহৃত হয়েছে তার অর্থি দিয়ে বোঝায় শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানি যা অভিযোগের যে ভুক্তভোগী তার অথবা অন্য কারো দ্বারা রিপোর্টকৃত রিপোর্ট (যেমন স্কুল-কর্মী, পিতামাতা, অন্য শিক্ষার্থী)।

B. প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই কমপক্ষে (1) একজন কর্মী সদস্যকে যৌন হয়রানি প্রতিরোধের (SHP) লিঁয়াজো হিসেবে কাজের জন্য নিয়োগ দেবেন যার কাছে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট করা যাবে এবং যিনি শিক্ষার্থী এবং কর্মীদের রিসোর্স হিসেবে পরিষেবা প্রদান করবেন। RFA লিয়াজোঁ অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করবেন।

1. সকল সময়ে, স্কুলে অবশ্যই একজন SHP লিঁয়াজো থাকবেন যিনি সেকশন V.D-তে বর্ণিত ট্রেনিং লাভ করেছেন। যদি কোন কারণে SHP লিঁয়াজো তার পদ ত্যাগ করেন, প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন নতুন SHP লিঁয়াজোকে নিয়োগ দেয়া হয়েছে এবং তিনি 30 দিনের মধ্যে ওই ধরনের ট্রেনিং পেয়েছেন। অন্তর্বর্তী কালে, প্রিন্সিপ্যাল অবশ্যই একজন অন্তর্বর্তী SHP লিয়াজোঁ নিযোগ দেবেন।

2. যদি কোন পরিস্থিতিতে SHP লিঁয়াজো দীর্ঘ সময়ের জন্য স্কুলে তার দায়িত্ব পালনে ব্যর্থ হন, প্রিন্সিপ্যাল অবশ্যই অন্য একজন ব্যক্তিকে অন্তর্বর্তীকালীন হিসেবে তার দায়িত্ব পালনে নিয়োগ দেবেন যে পর্যন্ত না SHP লিঁয়াজো ফিরে আসেন।

C. যেকোন কর্মী সদস্য যিনি শিক্ষার্থী-কর্তৃক-শিক্ষার্থীকে যৌন হয়রানির সাক্ষী অথবা যিনি অবগত আছেন বা নোটিস পেয়েছেন যে, কোন একজন শিক্ষার্থী অন্য শিক্ষার্থী কর্তৃক যৌন হয়রানির শিকার, তাকে আবশ্যিকভাবে ওই অভিযোগের কর্মকাণ্ড SHP লিঁয়াজো অথবা প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে তাৎক্ষণিক মৌখিকভাবে এক (1) স্কুল দিবসের মধ্যে রিপোর্ট করতে হবে এবং ঘটনার বর্ণনা দিয়ে 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-831-reporting-form.pdf?sfvrsn=43ca449 ওয়েবপেজে) SHP লিঁয়াজো অথবা প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে মৌখিক রিপোর্ট করার দুই (2) স্কুল দিবসের মধ্যে জমা দিতে হবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যেন রিপোর্টিংয়ের হার্ড কপি তাৎক্ষণিকভাবে লভ্য থাকে।

D. একজন কর্মচারী যিনি উপরের সেকশন II.C অনুযায়ী একটি রিপোর্ট করতে ব্যর্থ হন, তাকে শৃঙ্খলাবিধানমূলক প্রক্রিয়ার মোকাবেলা করতে হতে পারে, যাতে অন্তর্ভুক্ত হতে পারে পদচ্যুতি, বাধ্যতামূলক প্রশিক্ষণ, এবং/অথবা অপর কোনো যথাযথ পরবর্তি পরবর্তী পদক্ষেপ।

E. শিক্ষার্থী, পিতামাতা এবং স্টাফ ছাড়া অপর ব্যক্তিগণ শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির বিষয়ে টাইটেল IX কোঅর্ডিনেটরকে অবহিত করে (নিচে সেকশন IX-এ তালিকাভুক্ত তথ্যের মাধ্যমে ফোনে, ইমেইলে, কিংবা সশরীরে গিয়ে) প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি, লিয়াজোঁ বা অপর কোনো স্কুল স্টাফের কাছে অভিযোগ জানাতে পারবেন মৌখিক বা লিখিতভাবে, যার অন্তর্ভুক্ত আছে অভিযোগ/রিপোর্ট করার ফর্ম (এটি পাওয়া যাবে https://www.schools.nyc.gov/docs /default-source/default-document-library/student-complaint-reporting-form ওয়েবপেজ-এ), অথবা অনলাইন পোর্টাল ব্যবহার করে (যা পাওয়া যাবে https://www.nycenet.edu /bullyingreporting ওয়েবপেজ-এ)।

F. যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে, তারা অন্য শিক্ষার্থী কর্তৃক যৌন হয়রানির শিকার অথবা যাদের কাছে এই ধরনে ঘটনা ঘটতে দেখেন বা এ ধরনের ঘটনার প্রমাণ আছে, তাদের উচিত অবিলম্বে ঘটনাটি রিপোর্ট করা।

G. যদি কোন শিক্ষার্থী বা পিতামাতার স্কুলে রিপোর্ট করা নিয়ে উদ্বেগ থাকে, তাহলে সে শিক্ষার্থী/পিতামাতা ইমেইলের মাধ্যমে রিপোর্টটি RespectForAll@schools.nyc.gov. ঠিকানায় পাঠিয়ে অফিস অভ সেফটি

অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট (OSYD)-এ যোগাযোগ করতে পারেন। যেসব ক্ষেত্রে এটি যথাযথ হতে পারে তার কয়েকটি উদাহরণ: শিক্ষার্থী/পিতামাতা যদি নিশ্চিত না হয় আচরণটি এই প্রবিধানের আওতায় পড়ে কিনা; যদি শিক্ষার্থী/পিতামাতা ইতোপূর্বে অভিযোগ করে থাকে এবং আচরণ অব্যাহত থাকে; অথবা যদি শিক্ষার্থী/পিতামাতা বিষয়টি প্রকাশ সম্পর্কে উদ্বিগ্ন থাকে। এরকম পরিস্থিতিতে, OSYD এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ পরবর্তী নির্ধারণ করবে।

H. স্কুল-কর্মী ব্যতীত শিক্ষার্থী, পিতামাতা এবং অন্য ব্যক্তিগণ অজ্ঞাতনামা হিসেবে রিপোর্ট করতে পারেন, এবং এ ধরনের রিপোর্টের এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসারে তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাতনামা রিপোর্টার কাছ থেকে তথ্য পাওয়া গেছে বলে গৃহীত হবে।

I. SHP লিয়াজোঁকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্ত সকল রিপোর্টের বিষয়ে জানাতে হবে।

J. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সকল লিখিত রিপোর্ট (যেমন ইমেইল, 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' ব্যবহার করে রিপোর্ট অবশ্যই স্কুলের ফাইলে সংরক্ষিত থাকবে।

K. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল রিপোর্ট  অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম-এ ("OORS") রিপোর্ট পাওয়ার এক (1) স্কুল দিবসের মধ্যে লিপিবদ্ধ করতে এবং সেকশন III অনুযায়ী দ্রুত তদন্ত করতে হবে।

L. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যখনই কোনো রিপোর্ট পান, তাকে ক্ষতিগ্রস্ত ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে অভিযোগের ঘটনা সম্পর্কে অবশ্যই পরামর্শ দিতে হবে, এবং অবশ্যই তাদেরকে এ পরামর্শ দিতে হবে যে, ঘটনার তদন্ত করা হবে, এবং এ ব্যাপারে যে যথাযথ সহায়তা ও হস্তক্ষেপের ব্যবস্থা রয়েছে, সেটাও জানাতে হবে। অনুরোধসাপেক্ষে, প্রবিধানের অনুলিপি ও প্রাসঙ্গিক তথ্য-উপকরণ (যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts ওয়েবপেজ-এ) পিতামাতাদের কাছে ইলেক্ট্রনিকভাবে এবং পিতামাতাদের যদি ইলেক্ট্রনিক সংস্করণ পাওয়ার সুযোগ না থাকে, তাহলে কাগজে ছাপা অনুলিপি লভ্য রাখতে হবে। এই ধরনের নোটিফিকেশন অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে কিন্তু প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক রিপোর্ট লাভের দুই (2) স্কুল দিবসের মধ্যে সেটি হতে হবে। যদি কথিত ক্ষতিগ্রস্ত প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্তকে এ ধরনের অবহিতকরণের ব্যাপারে সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কথা জানায়, তাহলে প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্ত গোপনীয়তা ও সুরক্ষা সমস্যা বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবেন বিষয়টি কথিত অভিযুক্তের পিতামাতাদেরকে অবহিত করা হবে কিনা। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সিদ্ধান্ত নিতে গিয়ে তার সিনিয়র ফিল্ড কাউন্সেল, এবং টাইটেল IX কোঅর্ডিনেটর বা টাইটেল IX লিয়াজোঁ-এর সাথে আলোচনা করতে পারেন।

M. যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি বিশ্বাস করেন যে কথিত আচরণ অপরাধমূলক কর্মকাণ্ডের আওতায় পড়ে, সেখানে তাকে অবশ্যই পুলিশের সঙ্গে যোগাযোগ করতে হবে (দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-412, https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-412-security-in-the-schools-english)। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সিনিয়র ফিল্ড কাউন্সেল এবং/অথবা বরো সেফটি ডিরেক্টর ডিরেক্টর-এর সাথে পরামর্শ করতে পারেন।

N. অভিযোগটি যদি অভিযোগের গুরুত্বের নিরিখে স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই DOE-র টাইটেল IX কোঅর্ডিনেটরের সাথে পরামর্শ করবেন।

## III. তদন্ত

A. সকল রিপোর্টের তদন্ত করতে হবে। সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি থাকলে তা সংরক্ষণ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বাস্তবিকপক্ষে যতটুকু সম্ভব দ্রুত নিম্নলিখিত সুনির্দিষ্ট তদন্তের পদক্ষেপ গ্রহণ করতে হবে, তবে তা রিপোর্ট করার পাঁচ (5) স্কুল দিবসের পরে হতে পারবে না;

1. ঘটনায় কথিত ক্ষতিগ্রস্ত ব্যক্তির সাক্ষাৎকার;
2. কথিত ক্ষতিগ্রস্তকে বলবেন একটি লিখিত বিবৃতি তৈরি করতে যেখানে যত বেশি সম্ভব খুঁটিনাটি বর্ণনা থাকে, যার মধ্যে রয়েছে আচরণের বিবরণ, কখন এবং কোথায় ঘটনাটি ঘটেছে এবং কে দেখে থাকতে পারেন;
3. অভিযুক্ত শিক্ষার্থীকে ইন্টারভ্যু করবেন এবং ঘটনাটি ঘটে থাকলে, তাকে পরামর্শ দেবেন অবিলম্বে এধরনের আচরণ বন্ধ করতে;
4. অভিযুক্ত শিক্ষার্থীকে একটি লিখিত বিবৃতি তৈরি করতে বলবেন;
5. কোন সাক্ষী থাকলে তাদের সাক্ষাৎকার নেবেন এবং তাদের লিখিত বিবৃতি প্রস্তুত করতে বলবেন; এবং
6. প্রাসঙ্গিক কোনো প্রমাণ থাকলে (যেমন ছবি(সমূহ), ভিডিও পর্যবেক্ষণ বা অডিও রেকর্ডিং যেখানে যা প্রযোজ্য) সংগ্রহ করবেন। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অনুপযুক্ত সাইবার-বিষয়াদি কীভাবে নিতে হবে সে ব্যাপারে DOE-এর গাইডেন্স অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে তাদের বরো সেফটি ডিরেক্টর ও সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।

B. তদন্তের শেষে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে ও পর্যাপ্ত প্রমাণ দ্বারা অভিযোগের বস্তুনিষ্ঠতা নিশ্চিত করতে হবে (যেমন সকল প্রমাণের একটি পর্যালোচনার ভিত্তিতে কিনা, এর অন্তর্ভুক্ত সকল পক্ষ এবং সাক্ষীদের প্রমাণের মান ও বিশ্বাসযোগ্যতা, কথিত ঘটনাটি সংঘটনের সম্ভাব্যতা অধিক বই কম নয়)।

C. যদি অভিযোগ বস্তুনিষ্ঠ হয়, তাহলে আচরণটি এই প্রবিধান ভঙ্গ করেছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে। এটা নিশ্চিত করতে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই আচরণটির পারিপার্শ্বিক পরিস্থিতিকে সম্পূর্ণরূপে মূল্যায়ন করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ব্যক্তিকে বিবেচনা করতে হবে কিছুসংখ্যক বিষয়কে, সেগুলোর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে পারে, তবে তা এগুলোতেই সীমিত নয়:

- সংশ্লিষ্ট পক্ষগুলোর বয়স;
- আচরণের ধরন, তীব্রতা ও পরিসর;
- আচরণটি যৌন ধরনের কিনা;
- আচরণটি আপত্তিকর কিনা;
- আচরণটি অনাকাঙ্ক্ষিত কিনা;
- আচরণের পৌনঃপুনিকতা ও স্থায়িত্বকাল;
- আচরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের সংখ্যা;
- কোন পরিস্থিতিতে আচরণটি সংঘটিত হয়েছে;

- আচরণটি কোথায় সংঘটিত হয়েছে;
- এই শিক্ষার্থীদের দ্বারা স্কুলে আর কোন ঘটনা সংঘটিত হযেছে কিনা;
- আচরণটি ক্ষতিগ্রস্তের শিক্ষায় কোন বিরূপ প্রভাব ফেলেছি কিনা, এর মধ্যে আছে উপস্থিতি, অ্যাকাডেমিক কর্মসম্পাদনা, বা পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণ;
- আচরণটি স্কুলে ক্ষতিগ্রস্ত পক্ষের আচরণ বা সামাজিক মেলামেশায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- ক্ষতিগ্রস্ত পক্ষের নিরাপত্তার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়েছে কি না; এবং
- ক্ষতিগ্রস্ত পক্ষের মানসিক, আবেগজনিত বা শারীরিক সুস্থতার উপর প্রভাব পড়েছে কি-না।

D. তদন্ত শেষে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য OORS-এ লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগ প্রমাণিত হয়েছে কি-না সে সিদ্ধান্ত; এবং সে আচরণটির ফলে এই প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, সে সিদ্ধান্ত। কথিত শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে এই তথ্য অবশ্যই অনলাইন রিপোর্টিং সিস্টেমে এন্টার করতে হবে, পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া। OORS রিপোর্টের একটি কপি অবশ্যই টাইটেল নাইন কোঅর্ডিনেটর এবং বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেসের কাছে লভ্য রাখতে হবে।

E. কোনো অভিযোগ প্রমাণিত কি-না এবং আচরণটির কারণে এ প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই কথিত ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে লিখিতভাবে তা জানাতে হবে। যদি কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে, তাহলে এই বিজ্ঞপ্তিতে অবশ্যই বিষয়টি নিয়ে কথা বলার ও পরিবর্তিতে করণীয় পদক্ষেপ সম্পর্কে এবং সন্তানের জন্য কোনো হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা আছে কি-না, জানতে পিতামাতাদেরকে স্কুলের সাথে যোগাযোগ করার সুপারিশ থাকতে হবে। পিতামাতাদেরকেকে অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে বিষয়টি জানাতে হবে। সেকশন II.K-এর সাথে সামঞ্জস্য রেখে কথিত শিকার যে শিক্ষার্থী, যদি তার পিতামাতাদেরকে না জানানর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে, তাহলে সেসব পিতামাতাদেরকে এই প্যারাগ্রাফে বর্ণিত তথ্যগুলি সম্পর্কে জানানো যাবে না।

F. সেকশন III.E-তে বর্ণিত তথ্য শিক্ষার্থীর রেকর্ডের তথ্যের গোপনীয়তা সংরক্ষণের স্টেট এবং ফেডারেল আইন অনুযায়ী প্রদান করা হবে। অতএব, কথিত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীর পিতামাতাকে শুধু পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ অথবা সহায়তা বিষয়ে জানানো হতে পারে এবং অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে শুধু যেকোন পদক্ষেপ গ্রহণ, হস্তক্ষেপ, অথবা সহায়তা যা অভিযুক্ত শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক সেগুলি জানানো হবে।

G. তদন্ত শুরুর আগে বা তদন্ত চলাকালে যে কোনো সময় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি সিদ্ধান্ত নেন যে শিক্ষার্থীর (কথিত শিকার শিক্ষার্থী ও সাক্ষীসহ) মঙ্গলের জন্য হস্তক্ষেপ ও সহায়তা তদন্তের চূড়ান্ত সমাপ্তির আগেই প্রয়োজন, তাহলে শিক্ষার্থীর পিতামাতাদেরকে অবশ্যই জানাতে হবে এবং সেকশন IV অনুযায়ী উপযুক্ত হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা ডকুমেন্ট বাস্তবায়ন ও নজরদারি করতে, এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

## IV. পরবর্তী পদক্ষেপ

A. আচরণটি বন্ধ হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে উদ্যোগ নিতে ও যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

B. সেকশন III অনুযায়ী তদন্ত শেষ হওয়া এবং সিদ্ধান্ত গ্রহণের পর, ভুক্তভোগী এবং অভিযুক্ত শিক্ষার্থী, এবং যথাযথ সাক্ষীদের ব্যাপারে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার মূল্যায়ন অবশ্যই কেস-বাই-কেস ভিত্তিতে করা হবে এবং অবশ্যই যথোপযুক্তভাবে মনিটর এবং পরিমার্জন করা হবে। হস্তক্ষেপ ও সহায়তার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে, তবে নিচে তা সেগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- স্কুলের ভিতরে অথবা স্কুলের বাইরে মেডিকেল পরিষেবার রেফারাল;
- তত্ত্বাবধানমূলক (গাইডেন্স) হস্তক্ষেপ (যেমন স্কুলের সোশাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সিলর, সাইকোলজিস্ট, কিংবা অন্য কোন যথাযথ স্কুল স্টাফের কাছে), কিংবা কোন কমিউনিটি-বেজড্ এজেন্সির কাছে কাউন্সেলিং, সহায়তা, এবং/অথবা শিক্ষা বা মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য সুপারিশ করে পাঠানো;
- অ্যাকাডেমিক সহায়তা ও পরিবর্তন (যেমন ক্লাস, লাঞ্চ/অবকাশ কিংবা আফটার স্কুল প্রোগ্রামের সময়সূচি পরিবর্তন); এবং
- একটি ইনডিভিজুয়াল সাপোর্ট প্ল্যান (ব্যক্তিক সহায়তা পরিকল্পনা অবশ্যই তৈরি এবং বাস্তবায়ন হবে এমন একজন শিক্ষার্থীর জন্য যে কিনা একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা তার অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা অধিকবার লঙ্ঘন করেছে তার জন্য)

সহায়তা এবং হস্তক্ষেপ সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য শৃঙ্খলা-বিধিতে পাওয়া যাবে। মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসন - কোনটিই কোন অবস্থাতে একটি বুলিইং বা ভীতি-প্রদর্শনের উপযুক্ত হস্তক্ষেপ নয়। (এছাড়াও চ্যান্সেলরের প্রবিধান A-101 দেখুন (https://www.schools.nyc.gov/ docs/default-source/default-document-library/a101-admissions-readmissions-transfers-english) এবং A-449 (https://www.schools.nyc.gov/docs/default-source /default-document-library/a-449-safety-transfers) যা বদলির করা উপযুক্ত হলে প্রয়োজনে কীভাবে বদলি করতে হবে, সেটার জন্য নিয়ম ও প্রক্রিয়া নির্ধারণ করে দেয়)।

C. যখন কোন ব্যক্তি তার ডেটিং পার্টনারকে নিয়ন্ত্রণ করার জন্য হুমকি অথবা প্রকৃত শারীরিক, যৌন এবং/অথবা আবেগগত নিয়ন্ত্রণের প্যাটার্ন ব্যবহার করে, তখন স্কুলের উচিত কাউন্সেলিং, সহায়তা এবং শিক্ষালাভের জন্য ভুক্তভোগী এবং এধরনের আচরণকারী শিক্ষার্থী উভয়কেই ভিন্ন ভিন্ন যথোপযুক্ত স্কুল বা কম্যুনিটিভিত্তিক এজেন্সিতে পাঠান।

D. যদি কোনো স্কুল বিশ্বাস করে যে কোনো একটি ঘটনার প্রেক্ষিতে অব্যাহত পরবর্তী পদক্ষেপের জন্য প্রয়োজন হয় শিক্ষার্থীর ইনডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) বা সেকশন 504 পরিকল্পনা সংশোধন করা আবশ্যক, তাহলে তাদেরকে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে যা চ্যান্সেলরের প্রবিধান A-710-এ (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-710) এবং স্পেশাল এডুকেশন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর ম্যানুয়াল-এ (SOPM, https://infohub.nyced.org/docs/default-source/default-document-

library/specialeducationstandardoperatingproceduresmanualmarch.pdf?sfvrsn=4cdb05a0_2)এ উল্লেখ করা আছে।

E. যেসব শিক্ষার্থী এ প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়েছে, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443-তে (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-443-3-5-04-english) বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে।

F. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পক্ষগুলো ও সাক্ষীদের প্রতি প্রদত্ত সকল হস্তক্ষেপ ও সহায়তা এবং নিষিদ্ধ আচরণে নিযুক্ত থাকার ফল হিসেবে শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) বিরুদ্ধে গৃহীত সকল শাস্তিমূলক পদক্ষেপগুলো সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিংস্ অনলাইন সিস্টেম-এ ("SOHO") OORS-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

## V. প্রতিরোধ, অবহিতকরণ ও প্রশিক্ষণ

A. প্রতিটি স্কুলকে অবশ্যই দৃষ্টিগ্রাহ্য স্থানে (যে স্থানগুলোতে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীদের সহজে নজরে পড়বে মনে করা হয়) OSYD-এর প্রস্তুত করা শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ক্ষেত্রে DOE-র নীতির ব্যাখ্যা করা সেক্সুয়াল হ্যারাসমেন্ড পোস্টার (যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts ওয়েবপেজ-এ) সেঁটে দিতে হবে এমন স্থানে যেখানে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীদের যাতায়াত আছে। নোটিসে অবশ্যই নিয়োগপ্রাপ্ত SHP লিঁয়াজোর নামের উল্লেখ থাকবে যিনি যৌন হয়রানিমূলক ঘটনার রিপোর্ট নেবেন এবং আবশ্যিকভাবে উল্লিখিত হবে এই প্রবিধনের স্কুল কপিগুলির কোথায় সেটি পাওয়া যাবে এবং কীভাবে রিপোর্ট করতে হবে। স্কুলগুলোকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে যাতে এই তথ্য শিক্ষা বছরে যত তাড়াতাড়ি সম্ভব প্রদান করা যায়।

B. সবগুলো স্কুলকে অবশ্যই সকল স্কুল স্টাফ, পিতামাতা, এবং শিক্ষার্থীদের কাছে একটি রিপোর্ট করা , এবং স্কুলের বাইরে সহায়তালাভের জন্য স্কুলের বাইরে কার সাথে পিতামাতাদের যোগাযোগ করতে হবে, সেসব এই প্রবিধানে প্রতিষ্ঠিত প্রক্রিয়া ও নীতি চোখে পড়ার মতো উজ্জ্বল বর্ণে তৈরি করা OSYD-এর প্রস্তুতকৃত লিখিত উপকরণ হাতে হাতে বিলি করতে ও ইলেক্ট্রনিকভাবে লভ্য রাখতে হবে (যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts) ওয়েবপেজ-এ। স্কুলগুলোকে অবশ্যই এসব তথ্য স্কুলে ভর্তিরত পিতামাতা/শিক্ষার্থীদের কাছে স্কুল বছর ব্যাপী লভ্য রাখতে হবে।

C. প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে SHP লিয়াজোঁ-এর নাম ও যোগাযোগের তথ্য স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা আছে এবং শিক্ষার্থী ও পিতামাতাদেরকে বছরে অন্তত একবার ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে, কিন্তু এতেই সীমিত নয়, শিক্ষার্থীর বাড়িতে পাঠিয়ে, কিংবা অন্য কোন প্রক্রিয়ায় জানানো হয়েছে। স্কুলগুলোকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে যাতে এই তথ্য শিক্ষা বছরে যত তাড়াতাড়ি সম্ভব প্রদান করা যায়।

D. প্রত্যেক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থী এবং কর্মচারীদেরকে (এর অন্তর্ভুক্ত শিক্ষা প্রদান করে না এমন কর্মীও) প্রত্যেক বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে তথ্য এবং OSYD-এর প্রস্তুতকৃত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

E. প্রত্যেক প্রিন্সিপ্যাল যৌন হয়রানি (এর অন্তর্ভুক্ত যৌন সহিংসতা) শনাক্তকরণ এবং তা প্রতিরোধ, বৈষম্য-বিরোধী নীতিমালা এবং আইন, ক্ষোভ প্রকাশের প্রক্রিয়া সম্পর্কে OSYD-এর প্রস্তুতকৃত প্রশিক্ষণ নিতে হবে এবং এই প্রবিধান বাস্তবায়নে যেসব লভ্য রিসোর্স রয়েছে, সেগুলি সংশ্লিষ্ট পক্ষসমূহের কাছে প্রতিবছরের 31 অক্টোবরের মধ্যে লভ্য রাখতে হবে। প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন যে, সেকশন III-এ বর্ণিত যে ব্যক্তিকে (ব্যক্তিদেরকে) তদন্ত পরিচালনার জন্য নিয়োগ দেয়া হয়, তারাও যেন প্রত্যেক স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে এই ধরনের ট্রেনিংও লাভ করেছে।

F. F. প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সেকশন V.D-তে বর্ণিত স্কুল ট্রেনিং ছাড়াও অন্তত একজন (1) SHP লিয়াজোঁ OSYD প্রণীত বাধ্যতামূলক SHP প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

G. এই প্রবিধানের একটি কপি পিতামাতা, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য অনুরোধসাপেক্ষে প্রদানের ব্যবস্থা থাকতে হবে।

## VI. সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা

প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রতি স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে নিম্নলিখিত তথ্য, এবং DOE কর্তৃক স্থির করা কোনো বাড়তি তথ্য থাকলে তা প্রতি শিক্ষা বছরের 31 অক্টোবরের মধ্যে স্কুলের বার্ষিক কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান-এ দাখিল করতে হবে:

A. SHP লিয়াজোঁ(গণ)-এর নাম। এ তথ্য অবশ্যই যথাযথভাবে হালনাগাদ করতে হবে;

B. প্রত্যয়নকৃত যে কমপক্ষে একজন (1) SHP লিয়াজোঁ উপরে সেকশন V.F.-এ বর্ণিত ট্রেনিং গ্রহণ করেছেন বা করবেন।

C. এই মর্মে প্রত্যয়ন যে শিক্ষার্থীদের এই প্রবিধানের সেকশন V.D-তে প্রতিষ্ঠিত নিয়মে নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে;

D. প্রত্যয়ন যে শিক্ষানির্দেশনামূলক নয় এমন কর্মচারীসহ সব কর্মচারীকে এই প্রবিধানের নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে সেকশন V.D-তে বর্ণিত তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে;

E. আলোচ্যসূচি, সইকরা উপস্থিতি তালিকা এবং সেকশন V.D অনুযায়ী বার্ষিক বাধ্যতামূলক স্টাফ প্রশিক্ষণ উপকরণের একটি কপি স্কুলের ফাইলে সংরক্ষিত আছে, সেটা নিশ্চিত করা;

F. প্রত্যয়ন যে প্রিন্সিপ্যাল এবং এই প্রবিধানের অধীনে যে স্টাফ তদন্ত পরিচালনা করবেন, তিনি এই প্রবিধানের সেকশন V.E-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন করেছেন; এবং

G. যৌন হয়রানি প্রতিরোধ ও এ সম্পর্কিত সমস্যা সমাধানের পরিকল্পনা।

## VII. গোপনীয়তা

DOE-এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় সকল পক্ষ এবং সাক্ষী প্রদত্ত রিপোর্টসমূহের গোপনীয়তা রক্ষা করা। তবে, পুলিশি তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতার বিপরীতে এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে সহায়তা ও হস্তক্ষেপ প্রদানসহ এই গোপনীয়তাকে অবশ্যই সুসমঞ্জসপূর্ণ হতে হবে। সুতরাং, রিপোর্ট সংক্রান্ত তথ্য এই প্রবিধানের

অধীন তথ্য যথাযথ পরিস্থিতি কিংবা আইনি বাধ্যবাধকতা অনুযায়ী কিংবা যখন কোনো শিক্ষার্থীর নিরাপত্তা বা স্বাস্থ্যগত ঝুঁকির কারণে আবশ্যক হয়, তখন প্রকাশ করা হতে পারে।

## VIII. বিকল্প অভিযোগ পদ্ধতি

এসব অভ্যন্তরীণ প্রক্রিয়া একজন ব্যক্তির অন্য উপায়ে সাহায্য লাভের অধিকার খর্ব করে না, যার অন্তর্গত নিচে উল্লিখিত কোন বহিরাগত সংস্থায় অভিযোগ দায়ের করা:

*Office for Civil Rights*

New York Office

32 Old Slip, 26 Floor

New York, NY 10005-2500

ফোন: (646) 428-3800

ফ্যাক্স: (646) 428-3843

ইমেইল: OCR.NewYork@ed.gov

http://www.ed.gov/ocr

## IX. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

*Office of School and Youth Development*

NYC Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

ফোন: (212) 374-6807

ফ্যাক্স: (212) 374-5751

ইমেইল: RespectForAll@schools.nyc.gov

*Title IX Coordinator*

65 Court Street, Room 200

Brooklyn, NY 11201

ইমেইল: Title_IX_Inquiries@schools.nyc.gov

ফোন: (718) 935-4987